

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd



ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২০) বাস্তবায়ন ও অগ্রগতির বিষয়ে শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি	: মোঃ আফতাবউদ্দিন তালুকদার প্রকল্প পরিচালক, ডিএমআরটিডিপি (লাইন-৬)
তারিখ	: ১৮ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ
সময়	: সকাল ১১:০০ মিনিট
স্থান	: ডিএমআরটিডিপি'র সম্মেলন কক্ষ
উপস্থিত সদস্যের তালিকা	: পরিশিষ্ট- "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২০) বাস্তবায়ন ও অগ্রগতির বিষয়ে আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	বিষয়বস্তু ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২০) বাস্তবায়ন ও অগ্রগতির বিষয়ে পর্যালোচনা: (ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২০২১ এর দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২০) প্রতিবেদন শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করা হয়। উপস্থিত সদস্যগণ উপস্থাপিত শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার উপর অংশগ্রহণমূলক মতামত প্রদান করেন। অতঃপর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২০২১ এর দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২০) পর্যন্ত সময়ে অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় অবহিত করা হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২০)-এর ২১টি সূচক (১.১, ১.২, ২.৩, ২.৪, ৪.২, ৪.৩, ৪.৪, ৫.১, ৫.২, ৬.২, ৬.৩, ৮.২, ৮.৩, ৮.৪, ৯.১, ৯.২, ৯.৪, ৯.৫, ১১.১, ১২.১ এবং ১৩.২)-এর মধ্যে ৫টি সূচক (২.৩, ৪.৩, ৫.১, ৯.৫ এবং ১৩.২)-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। অবশিষ্ট ১৬টি সূচকের শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের উপর সভায় গুরুত্বারোপ করা হয়।	(ক) সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২০২১ এর দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২০) প্রতিবেদন প্রস্তুত করতে হবে। এ প্রতিবেদন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে যথাসময়ে প্রেরণ করতে হবে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম- দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২০)-এর অবশিষ্ট সকল সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে হবে।	উপ-প্রকল্প পরিচালক (প্রশাসন)

ক্রম	বিষয়বস্তু ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
	(খ) সভায় সূচক ২.১-এ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা গত ১০ অক্টোবর ২০২০ তারিখ অনুষ্ঠিত হয়। সূচক ২.২ অনুযায়ী তৃতীয় ও চতুর্থ প্রান্তিকে অংশীজন সভার সিদ্ধান্ত ৫০% করে বাস্তবায়নের বিষয়ে উল্লেখ রয়েছে। কিন্তু অংশীজন সভার সিদ্ধান্ত অনুযায়ী ভূমি অধিগ্রহণ অত্যন্ত জটিল এবং দীর্ঘ হওয়ায় তৃতীয় ও চতুর্থ প্রান্তিকে যথাক্রমে ৫% করে বাস্তবায়নের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	(খ) সূচক ২.২ অনুযায়ী তৃতীয় ও চতুর্থ প্রান্তিকে অংশীজন সভার সিদ্ধান্ত ৫০% এর পরিবর্তে তৃতীয় ও চতুর্থ প্রান্তিকে যথাক্রমে ৫% করে লক্ষ্যমাত্রা ধার্য করা হল। অবশিষ্ট অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত আগামি অর্থবছরে বাস্তবায়ন করতে হবে।	উপ-প্রকল্প পরিচালক (ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন)

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে অধ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(মোঃ আফতাবউদ্দিন তালুকদার)

প্রকল্প পরিচালক

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)

ফোনঃ ৫৫১৩৮৬৭২


স্মারক নম্বর- ৩৫.০৫.০০০০.৬০৪.৯৮.০০৩.২০-২৫১

তারিখঃ ০৪ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ

১৯ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সদস্য, শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি, ডিএমটিসিএল
৩. উপ-প্রকল্প পরিচালক (ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন), এমআরটি লাইন-৬
৪. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, ডিএমটিসিএল
৫. প্রকল্প পরিচালক মহোদয়ের একান্ত সচিব, এমআরটি লাইন-৬/এমআরটি লাইন-১ [ই/এস]/এমআরটি লাইন-৫: নর্দান রুট/এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট
৬. অফিস কপি
৭. মাস্টার কপি



(মোঃ ইমাম উদ্দীন কবীর)

উপ প্রকল্প পরিচালক (প্রশাসন)

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬)

ও

সদস্য সচিব

শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি

ফোনঃ ৫৫১৩৮৬৬৯